

“শেখ হাসিনার বারতা  
নারী- পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
আড়াইহাজার, নারায়ণগঞ্জ  
uwao.ari@gmail.com

স্মারক নং- ৩২.০১.৬৭০২.০০০.০৬.০০২.২১

২৪৩/১(৩০)

তারিখঃ ১৯/০২/২০২৪ খ্রিঃ

**প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি**

এতদ্বারা সমাজের দুঃস্থ অসহায় মহিলাদের অংশ গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর অধীন “মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে” টেইলারিং ও নকশী কাঁথা প্রশিক্ষণ কোর্সে ২০২৩-২০২৪ অর্থ বছরের এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ পর্যন্ত ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে বিনামূল্যে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্ত সমূহ :**

- ০১। ভর্তি ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক আগামী ২৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।
- ০২। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার (নূন্যতম ৫ম শ্রেণী পাশ) সনদপত্রের সত্যায়িত ০১ কপি জমা দিতে হবে।
- ০৩। আবেদনপত্রের সঙ্গে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত ০১ কপি জমা দিতে হবে।
- ০৪। আবেদনকারীর ০৩ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। আবেদন পত্রের সঙ্গে নাগরিকত্ব সনদের সত্যায়িত ০১ কপি জমা দিতে হবে। (অত্র এলাকার জাতীয় পরিচয়পত্র না থাকলে)
- ০৬। আবেদনকারীর আর্থিক অবস্থা দারিদ্র সীমার নীচে হলে বা ভূমিহীন মহিলা (যার ০.৫০ শতাংশ জমি) বা দিন মজুর বা পরিবারের প্রধান গরীব মহিলা এবং তালুকপ্রাপ্ত /বিধবা /স্বামী পরিত্যক্তা/ স্বামী (কর্মহীন বা প্রতিবন্ধী) হলে অগ্রাধিকার পাবে।
- ০৭। আবেদনকারীর বয়স ১৮ বছরের উর্ধ্বে এবং ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ০৮। উল্লেখ্য যে, নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।
- ০৯। ইতিপূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এ ধরনের প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।



(নাজমা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :**

- ১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ২। উপ-পরিচালক (প্রশিক্ষণ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নারায়ণগঞ্জ
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৬। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৭। উপজেলা \_\_\_\_\_ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৮। মেয়র/চেয়ারম্যান . . . . . পৌরসভা/ইউপি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ  
(আপনার পৌরসভা/ইউপি হতে ১০ জন প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৯। নোটিশ বোর্ড
- ১০। অফিস নথি